কালের কণ্ঠ

তারিখ 17 SEP 2017
পৃষ্ঠা ১১ কলাম ১

# স্কুল ও মাদরাসায়ও কারিগরি শাখা যুক্ত করা হবে : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'সরকার আগামী ২০২০ সালের মধ্যে কারিগরি শিক্ষার হার ২০ শতাংশ এবং ২০৩০ সালের মধ্যে ৩০ শতাংশে উন্নীত করার লক্ষ্যমাত্রা ঘোষণা করেছে। এ জন্য নতুন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নতুন ২৩টি জেলায় একটি করে সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন, প্রতিটি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ স্থাপন করা হবে। ঢেলে সাজানো হচ্ছে কারিগরি শিক্ষার কারিকুলাম-সিলেবাস। নতুন নতুন প্রকল্প গ্রহণ করা হচ্ছে। সাধারণ শিক্ষাপ্রতিষ্ঠান স্কুল ও মাদরাসায় কারিগরি শাখা সংযোজন করা হবে।'

গতকাল শনিবার রাজধানীর ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে (আইডিইবি) কারিগরি শিক্ষা অধিদপ্তর আয়োজিত চীন সরকারের স্কলারশিপপ্রাপ্ত কারিগরি ক্ষেত্রের ৩৪৯ জন শিক্ষার্থীর ওরিয়েন্টেশন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

কারিগরি ও মাদরাসা শিক্ষাসচিব মো. আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য দেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো. মোস্তাফিজুর রহমান, আইডিইবির সভাপতি এ কে এম এ হামিদ প্রমুখ।

শিক্ষামন্ত্রী বলেন, 'চীন, জাপান, জার্মানি, অস্ট্রেলিয়া, কোরিয়া, সিঙ্গাপুরসহ প্রতিটি উন্নত দেশেই কারিগরিতে শিক্ষার্থীর হার ৬০ শতাংশের বেশি। ২০০৯ সালের আগে কারিগরি শিক্ষায় ভর্তি হার ছিল ১ শতাংশের নিচে। সরকারের নানামুখী উদ্যোগ ও কার্যক্রমের ফলে বর্তমানে তা ১৪ শতাংশে উন্নীত হয়েছে। কারিগরি শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে ইতিমধ্যে সিঙ্গাপুর থেকে দুই দফায় এক হাজার ৫৭০ জন শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। চীনের গুয়াংজুতে ৫৮১ জন শিক্ষকের পর্যায়ক্রমিক প্রশিক্ষণ চলছে। এ ধারা অব্যাহত থাকবে।'

জানা যায়, প্রথমবারের মতো ৩৪৯ জন শিক্ষার্থীকে স্কলারশিপ প্রদান করেছে চীন সরকার। এর মধ্যে ৩১৮ ছাত্র ও ৩১ জন ছাত্রী। এরা চীনের ১০টি সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে তিন বছর মেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পড়বে। পরবর্তী সময়ে সেখানে তারা উচ্চতর ডিগ্রিতেও অধ্যয়নের সুযোগ পাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........................
তারিখ.........................
পরিসংখ্যান বিভাগ
ড.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর